

আগামীকাল হাই স্কুলে ভর্তির আবেদনের শেষ দিন

প্রিয় পরিবারবর্গ,

আগামী কাল, 11 মার্চ হলো হাই স্কুলে ভর্তির আবেদনের শেষ দিন। আপনার আবেদনপত্র, এবং যদি প্রযোজ্য হয়, লাগোয়ার্ডিয়া রেজিস্ট্রেশন এবং [ভার্চুয়াল অডিশন](#) এবং/অথবা [অন্যান্য বাড়তি উপকরণ](#) নিচের তিনটি প্রক্রিয়ার একটিতে জমা দিন:

- **অনলাইনে মাইস্কুলস্**-এর মাধ্যমে আগামীকাল 11:59 pm-এর মধ্যে। আপনি অনলাইনে আরবি, বাংলা, চাইনিজ, ইংরেজি, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, অথবা উর্দুতে আবেদন করতে পারেন।
- **আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের মাধ্যমে**। এই অপশনটি স্কুল চলাকালে পাওয়া যায়।
- **একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাধ্যমে**—এই লিংক থেকে সময়সূচি ও ঠিকানা জেনে নিন।

স্মরণ রাখবেন, আপনার আবেদনপত্রে আপনার প্রকৃত পছন্দের ক্রমানুসারে আপনার প্রথম পছন্দটিকে #1-এ স্থান দিয়ে ক্রমানুসারে 12-টি প্রোগ্রামে আবেদন করুন।

- যদি আপনি ইতোমধ্যে আবেদনপত্র, এবং বাড়তি উপকরণসমূহ জমা দিয়ে থাকেন, আপনার আর কিছু করতে হবে না! আপনাকে এখন কিছুই করতে হবে না।
- যদি আপনি এখনও আবেদন না করে থাকেন, তবে আগামীকাল শেষ সময়সীমার মধ্যে করতে ভুলবেন না! এছাড়াও বাড়তি উপকরণ জমা দিতে ভুলবেন না।

কোনো প্রশ্ন আছে কি?

- **মার্চ-এ রেকর্ড করা একটি ভার্চুয়াল অনুষ্ঠান দেখুন**—কীভাবে একটি ভারসাম্যপূর্ণ আবেদন তৈরি করতে হয় এবং বাছাইকৃত (ফ্রিন্ড)-সহ প্রোগ্রামগুলোতে শিক্ষার্থীরা কীভাবে অফার লাভ করে, আমরা তা আপনাকে ধাপে ধাপে ব্যাখ্যা করে দেখাবো।
- আরো জানতে এবং মাইস্কুলস্ সংক্রান্ত টিউটোরিয়াল দেখতে schools.nyc.gov/High এবং schools.nyc.gov/SHS দেখুন।
- মাইস্কুলস্ কিংবা আপনার আবেদন নিয়ে সহায়তার প্রয়োজন, অথবা কোনো প্রশ্ন আছে কি? আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলার অথবা কোনও [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](#) স্টাফের সাথে কথা বলুন।

শুভেচ্ছান্তে,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। হাই স্কুলে ভর্তি বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে হলে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।